গাংনীতে সাপের কামড়ে স্কুল ছাত্রের মৃত্যু

মেহেরপুরের গাংনীর সহড়াতলা গ্রামে নানা বাড়িতে বেড়াতে গিয়ে সাপের কামড়ে আলালউদ্দিন নামে এক স্কুল ছাত্রের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৮ টার দিকে এ ঘটনা ঘটে। নিহত আলাল উদ্দিন
(১০) গাংনী উপজেলা মটমুড়া ইউনিয়নের কুমারিডাঙ্গা গ্রামের বিল্লাল হোসেনের ছেলে ও স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেনীর ছাত্র।

স্থানীয়রা জানান, বুধবার বিকেলে আলাল উদ্দিন তার নানা সহড়াতলা গ্রামের আব্দুর রশিদের বাড়িতে বেড়াতে যায়। রাতে খাওয়া দাওয়া শেষে একটি ঘরে ঘুমিয়ে পড়ে। রাতের কোনো এক সময় তাকে সাপে কামড় দেয়। সকালে বিষক্রিয়া শুরু হলে পাশ্ববর্তী একটি ওঝাঁ (কবিরাজ) বাড়িতে নেয়ার পথেই আলাল উদ্দিনের মৃত্যু হয়।

স্থানীয় আহার আলি জানান, নানা বাড়িতে বেড়াতে এসে সাপের কামড়ে মৃত্যু হওয়া আলাল উদ্দিনের মরদেহ পরিবারের কাছে পাঠানো হয়েছে।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।

হোয়াটসঅ্যাপেও করা যাবে কল রেকর্ডিং

ফেসবুক মালিকানাধীন জনপ্রিয় ম্যাসেজিং অ্যাপ হোয়াটসঅ্যাপ ব্যবহার করে অনেকেই ফোনে কথা বলেন। ব্যক্তিগত কিংবা পেশাগত কাজে অনেক সময় হোয়াটসঅ্যাপে কল রেকর্ডের প্রয়োজন পড়ে কিন্তু প্রচলিত অ্যাপগুলো দিয়ে ইন্টারনেটের কল রেকর্ড করা যায় না!

অ্যান্ড্রয়েড চালিত স্মার্টফোনে হোয়াটসঅ্যাপের কল কীভাবে রেকর্ড করা যায় তার বিস্তারিত থাকছে ইত্তেফাক পাঠকদের জন্য।

কাজটি করতে প্রথমে https://bit.ly/3ldZm0D থেকে কিউব কল রেকর্ডার অ্যাপটি ইন্সটল করে নিতে হবে।

যেভাবে রেকর্ড করবেন

কিউব রেকর্ডার অ্যাপটি চালু করে হোয়াটসঅ্যাপ অপশনটিতে ক্লিক করতে হবে, তাহলে হোয়াটসঅ্যাপ চালু হবে।

এরপর প্রচলিত নিয়মে হোয়াটসঅ্যাপ কল করতে হবে। কিউব কল রেকর্ডারের পপ আপ উইন্ডো বা উইজেট মোবাইলের স্ক্রিনে দেখা গেলে কলটি সফলভাবে রেকর্ড হবে।

এই পদ্ধতিতে রেকর্ড না হলে কিউব কল রেকর্ডার অ্যাপের সেটিংস থেকে ‘Force VoIP call as voice call’ অপশনটি চালু করে আবার চেষ্টা করতে হবে।

রেকর্ডিং অ্যাপটি সব স্মার্টফোনে কাজ করবে না। বিভিন্ন ব্র্যান্ডের কোন মডেলগুলোতে অ্যাপটি ব্যবহার করে হোয়াটসঅ্যাপ কল রেকর্ড করা যাবে তার তালিকা পাওয়া যাবে ।

এই অ্যাপ ব্যবহার করে একই পদ্ধতিতে ফেসবুক কিংবা স্কাইপের কলও রেকর্ড করা যাবে।

আশুরায় সব ধরনের তাজিয়া ও শোক মিছিল নিষিদ্ধ

করোনার বিস্তার ঠেকাতে পবিত্র আশুরা উপলক্ষে এবার সব ধরনের তাজিয়া মিছিল নিষিদ্ধ করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। বুধবার ডিএমপি কমিশনার মুহা. শফিকুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, করোনা মহামারিতে ডিএমপি এলাকার নাগরিকরদের নিরাপত্তা নিশ্চিত করতে পবিত্র আশুরা উপলক্ষে সব ধরনের তাজিয়া/শোক/পাইক মিছিল নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

তবে ধর্মপ্রাণ নগরবাসী স্বাস্থ্যবিধি মেনে ইমাম বাড়াগুলোয় ধর্মীয় অনুষ্ঠান পালন করতে পারবেন। এসব অনুষ্ঠানে দা, ছোরা, কাঁচি, বর্শা, বল্লম, তরবারি, লাঠি ইত্যাদি বহন এবং আতশবাজি ও পটকা ফোটানো সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।

এই আদেশ পবিত্র আশুরা উপলক্ষে অনুষ্ঠান শুরু থেকে শেষ পর্যন্ত বলবৎ থাকবে।

সূত্র- বিডি প্রতিদিন

গাংনীতে টিএন্ডটির বেহাল দশা !

বিটিসিএল এর অধীন গাংনী ডিজিটাল টেলিফোন এক্সচেঞ্জ’র সেবা মান নিয়ে প্রশ্ন তুলেছে গাংনীর গ্রাহকরা । কাঙ্খিত সেবা না পেয়ে গ্রাহকরা টেলিফোন লাইন থেকে মুখ ফিরিয়ে নিয়েছেন। টেলিফোনের ইন্টারনেট লাইন নিয়েও কাঙ্খিত সেবা পাচ্ছেন না। বর্তমানে অধিকাংশ সরকারি অফিসগুলোতে টেলিফোন সংযোগ থাকলেও এর মান নিয়ে প্রশ্ন তুলেছেন সরকারি কর্মকর্তারায়।

গাংনী উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিবকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান ডিজিটাল যুগে গাংনী টেলিফোনের সেবামান অত্যন্ত খারাপ জনগণ সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

গাংনী উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা নাসিমা আক্তার জানান টেলিফোন সেবা থেকে দীর্ঘ দিন যাবত আমার অফিস বঞ্চিত সরকারি সেবার কাজ চরম ভাবে ব্যাহত হচ্ছে সংশিষ্ট কর্তৃপক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা উচিৎ বলে মনে করি।

গাংনী উপজেলা খাদ্য অফিস সূত্রে জানা যায় দীর্ঘ দিন যাবত টেলিফোন টি বিকল হয়ে পড়ে আছে সরকারি কাজে অসুবিদা হচ্ছে।

গাংনী উপজেলা সমবায় অফিস সূেএ জানা যায়, তাদের অফিসের টেলিফোনের সংযোগ বন্ধ হয়ে পড়ে আছে বার বার তাগাদা দেয়ার পরেও কোন কাজ হয়নি । সরকারি কাজ সময়ে ঠিক করতে পারছি না। সব গ্রাহকদের অভিযোগ গাংনী ডিজিটাল টেলিফোন এক্সচেঞ্জ অভিযোগ নং টি সব সময় বন্ধ

থাকে সংযোগ পাওয়া যায় না। এছাড়া ইন্টারনেট লাইনও থাকে না অধিকাংশ সময় । ফলে ব্যক্তি পর্যায়ে খরচ বেড়ে যাচ্ছে ইন্টারনেট সেবা নিতে গিয়ে।

গাংনী ডিজিটাল টেলিফোন এক্সচেঞ্জের কর্মকর্তা(টিসিএম) আব্দুর ছাত্তার জানান কোন জনবলে অভাবে কারণে টেলিফোন গ্রাহকদের সেবা ঠিক সময়ে দিতে পারছি না।

বিটিসিএল মেহেরপুর অফিসের সহকারী প্রকৌশলী জিললুর রহমান জানান গাংনীতে টেলিফোন গ্রাহকদের বিভিন্ন ধরনের অসুবিদা আছে আমরা চেষ্টা করছি খুব তাড়াতাড়ি সমাধান হবে বলে আমি মনে করি।

গাংনীতে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দু’ব্যাবসায়ীর জরিমানা

মেরেপুরের গাংনী বাজারের ওষুধের দোকানসহ দুটি দোকানে অভিযান চালিয়ে ভোক্তা অধিকার আইনে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

গাংনী বাজারের সেতু ফার্মেসী নামক একটি ওষুধের দোকান ও সেতু হার্ডওয়ার এ্যন্ড ইলেক্ট্রনিক দোকানে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত।

বুধবার বেলা ১১ টার দিকে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহম্মেদ এ অভিযান পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানায়, গাংনীর সেতু ফার্মেসীতে মেয়াদ উত্তীর্ণ ওষুধ রাখার অপরাধে ফার্মেসীর মালিক বাবুল হাসানকে ১০ হাজার টাকা এবং পার্শ্ববর্তী সেতু হার্ডওয়ার এন্ড ইলেক্ট্রনিক্স দোকানে যত্রতত্র গ্যাস সিলিন্ডার রাখা ও গ্যাস সিলিন্ডারের মুল্য তালিকা না টাঙ্গানোর অপরাধে দোকান মালিক আব্দুস সালামকে ৪ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় জেলা স্যানিটারী ইন্সেপেক্টর আব্দুস সালামসহ গাংনী থানা

গাংনীতে মাসকলাই উৎপাদনে কৃষি প্রণোদনা

মেহেরপুরের গাংনীতে কৃষি প্রণোদনা হিসেবে কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি অফিস প্রণোদনা বিতনের আয়োজন করে।

এসময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ, কৃষি কর্মকর্তা কেএম সাহাবুদ্দিন,উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ও এমপি প্রতিনিধি মনিরুজ্জামান আতু উপস্থিত ছিলেন।

প্রণোদনা কর্মসুচীর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষে গাংনী উপজেলার বিভিন্ন গ্রামের প্রান্তিক পর্যায়ের ৭৬০ জন কৃষককে ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি পটাশ প্রদান করা হয়।

গাংনীতে আলমসাদুর ধাক্কায় যুবক আহত

মেহেরপুরের গাংনীতে স্যালোইঞ্জিন চালিত আলমসাদুর ধাক্কায় ইজিবাইক থেকে ছিটকে পড়ে হোসেন আলী নামের এক যুবক মারাত্বক জখম হয়েছে। হোসেন আলী (২৬) গাংনী উপজেলার নওদাপাড়া গ্রামের ইমদাদুল হকের ছেলে।

বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে গাংনী পৌর এলাকার পশ্চিম মালশাদাহ এলাকায় এ ঘটনা ঘটে। আহত হোসেন আলীকে মারাত্বক আহত অবস্থায় পথযাত্রীরা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

স্থানীয়রা জানান,হোসেন আলী সকালে ইজিবাইকে করে বাড়ি থেকে গাংনী আসছিলেন। মালশাদাহ নামক স্থানে পৌছালে থেকে বিপরীত দিক থেকে আসা বেপরোয়া আলমসাদু তাকে ধাক্কা দেয়।

এসময় হোসেন আলী ইজিবাইক থেকে ছিটকে পড়ে হাত-পা ও মাথায় রক্তাক্ত জখম হয়। পথযাত্রীরা তাকে উদ্বার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

হোসেন আলীর অবস্থা আশঙকা জনক হওয়ায় জরুরী বিভাগের চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন।

দেশের সব নদীবন্দরকে ১ ও ২ নম্বর নৌ হুঁশিয়ারি সংকেত

দেশের বারো অঞ্চলের নদী বন্দরে ২ নম্বর নৌ-হুঁশিয়ারি সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদফতর। এছাড়া অন্যসব অঞ্চলের নদী বন্দরসমূহকে ১ নম্বর নৌ-হুঁশিয়ারি সংকেত দেখাতে বলা হয়েছে।

বুধবার সন্ধ্যা ৬টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার এক পূর্বাভাসে বলা হয়েছে, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর,যশোর,কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ-দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৬০-৮০ কিমি. বেগে অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সঙ্গে বৃষ্টি ও বজ্র-বৃষ্টি হতে পারে।

এছাড়া দেশের অন্যস্থানে একই দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কিমি. বেগে অস্থায়ীভাবে দমকা-ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সঙ্গে বৃষ্টি ও

বজ্র-বৃষ্টি হতে পারে।

সূত্র- ইত্তেফাক

সেপ্টেম্বরের শেষে আবার বন্যার আশঙ্কা

দেশে চার দফায় মোট ৪৬ দিন বন্যা স্থায়ী হয়েছে। আবার সেপ্টেম্বর শেষে আরেকটি বন্যা হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে সরকার। গতকাল মঙ্গলবার সচিবালয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী এনামুর রহমান এক সংবাদ সম্মেলনে চলমান বন্যার ক্ষয়ক্ষতির হিসাব তুলে ধরেন। এ সময় মন্ত্রণালয়ের সচিব মো. মোহসীন উপস্থিত ছিলেন।

দুর্যোগ ব্যবস্থাপনা প্রতিমন্ত্রী বলেন, আবহাওয়া অধিদপ্তরের পরিচালক সামসুদ্দিন আহমেদ পূর্বাভাস দিয়েছেন এ বছরের সেপ্টেম্বরের শেষের দিকে আরেকটি বন্যা হতে পারে। অক্টোবর-নভেম্বরের মধ্যে একটি ঘূর্ণিঝড়ের আশঙ্কা আছে।

এবারের বন্যা ১৯৯৮ সালের বন্যার থেকে দীর্ঘস্থায়ী নয়, জানিয়ে ত্রাণ প্রতিমন্ত্রী বলেন, ১৯৯৮ সালের বন্যা ছিল ৬৯ দিন, এবারের বন্যা ছিল ৪৬ দিন। আর ক্ষয়ক্ষতিও ১৯৯৮ সালের বন্যার চেয়ে কম। ’৯৮ সালে প্রায় ৫০ শতাংশ এলাকা প্লাবিত হয়েছিল। এবার আমাদের প্রায় ৩০ শতাংশ এলাকা প্লাবিত হয়েছে।

বন্যায় খাদ্যশস্যের ঘাটতি হবে না জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, সরকারি মজুত আছে ১৩ লাখ টনের ওপরে। ৮ লাখ টন থাকলে মনে করি নিরাপদ। আরো খাদ্য সংগ্রহের কাজ চলছে, এ মাসের মধ্যে ১৫ লাখ টনে পৌঁছে যাবে। বন্যা দীর্ঘায়িত হলে বরাদ্দ আরো বাড়বে কিনা, জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, আমাদের যে বরাদ্দ আছে সেটা দিয়ে আমরা মোকাবিলা করতে পারব।

এনামুর রহমান বলেন, এবার চার দফায় বন্যা হয়েছে। ২৬ জুন থেকে বন্যা শুরু হয়, এর পরে ১০ জুলাই দ্বিতীয় দফা এবং ১৯ জুলাই তৃতীয়

দফা এবং চতুর্থ দফায় উপকূলীয় অঞ্চলে বরিশাল বিভাগের ছয়টি জেলা এবং সাতক্ষীরা জেলায় অতিরিক্ত জোয়ার, সমুদ্রের লঘুচাপ এবং উজানের পানির কারণে প্লাবিত হয়। আমরা সবগুলো বন্যা কবলিত এলাকার জনগণের জন্য পর্যাপ্ত খাদ্য সহায়তা দিয়েছি। মাঠ পর্যায়ের প্রশাসন এবং জনপ্রতিনিধিরা বিতরণ করেছেন।

সূত্র- ইত্তেফাক

করোনাভাইরাসে আরও ৫৪ জনের প্রাণহানি

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৫৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৮২ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৫১৯ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৩ লাখ ২ হাজার ১৪৭ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ৪২৭ জন এবং মোট সুস্থ ১ লাখ ৯০ হাজার ১৮৩ জন।

বুধবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সূত্র- যুগান্তর